ISSN 2319 - 6165

BULLETIN OF THE DEPARTMENT OF LINGUISTICS

TECHNICAL EXPRESSIONS IN LINGUISTICS

NUMBER SEVENTEEN
2013

Department of Linguistics
UNIVERSITY OF CALCUTTA

ISSN 2319 - 6165

CUle-H05395-b-U165596

BULLETIN OF THE DEPARTMENT OF LINGUISTICS

223/6

Edited by

Mina Dan

TECHNICAL EXPRESSIONS IN LINGUISTICS

NUMBER SEVENTEEN
2013

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

Department of Linguistics
UNIVERSITY OF CALCUTTA

Chief Patron
Professor Suranjan Das, Vice-Chancellor, University of Calcutta

Board of Editors
Professor Dhrubajyoti Chattopadhyay, Pro-Vice-Chancellor (Academic), Chairperson; Professor Mamata Ray, Pro-Vice-Chancellor (Business Affairs & Finance); Professor Sumita Bhattacharya, M.A., Ph.D.; Dr. Selvyn Jussy, M.A. (JNU), Ph.D. (JNU); Dr. Abhijit Majumdar, M.A. (Linguistics), M.A. (Bengali), Ph.D.; Dr. Aditi Ghosh, M.A., Ph.D.; Dr. Sunandan Kumar Sen, M.A., Ph.D.; Professor Mina Dan, M.A. (Pune), M.Phil. (Osmania), Ph.D. (Pune), University of Calcutta.

Edited by
Mina Dan

G165596

© University of Calcutta
All rights reserved. No part of this publication can be reproduced or transmitted, in any form or by any means, without prior permission of the editor.

Office:
Department of Linguistics
UNIVERSITY OF CALCUTTA
Asutosh Building
87/1 College Street
Kolkata 700 073

TABLE OF CONTENTS

Editor's Note 1

ভাষাতত্ত্বের বাংলা পরিভাষা : একটি বর্ণনামূলক প্রতিবেদন 4
মীনা দাঁ, কৃষ্ণা ভট্টাচার্য, অভিজিৎ মজুমদার

Bangla-to-English list 15

English-to-Bangla list 75

Editor's note

The current issue on technical expressions of the Bulletin of the Department of Linguistics, number 17, is unique in the sense it is the first bilingual edition of the journal and it comprises two long lists of technical expressions in the order Bangla-to-English and English-to-Bangla, the outcome of a project on terminology taken up by three faculty members of the department, viz. Krishna Bhattacharya, Abhijit Majumdar and Mina Dan, and funded by the university.

In this project we considered twenty-eight books on linguistics written in Bangla between 1939 (Suniti Kumar Chatterji on Bangla grammar) and 2012 (Bidyut Baran Choudhury on language technology). These works represent various frameworks of the field, viz. comparative, historical, descriptive, generative, and computational; they also cover such domains as phonetics, phonology, morphology, syntax, semantics, sociolinguistics and stylistics. Our list includes publications from West Bengal as well as Bangladesh. Four of our items are publications on Bangla technical terms; three of them offer English-to-Bangla lists of technical terms; the fourth one is a glossary.

In any regional language of India, technical terms are created by secondary term formation; by this I mean that the process counts as a sequel to the process of primary term formation in some other language, where an agreed-upon 'name' was assigned to a new concept or discovery, and that the outcome of that primary term formation process acts as a linguistic model for the secondary term. Such secondary term formation is obliged to be faithful to the model; such faithfulness is accomplished either by borrowing or by translation. For example, in Bangla the chemical terms *gas* and *acid* are borrowed and are written as <গ্যাস> 'gas' and <অ্যাসিড> 'acid' respectively; however, there is also a translation available for the term acid: amlajaan <অম্লজান>.

In the domain of linguistics the usual practice is that the authors who write in Bangla create technical expressions on the basis of their individual judgment. Since language enables one to express the same thought in a number of ways and since there are various types of translation— word-for-word, sense-for-sense and so on – the terms for the same concept created by different authors using translation technique vary. The natural consequence is the existence of a range of synonymous expressions; hence the motivation for the current project and the challenges we have had to face.

The terms collected from the publications mentioned above presented three kinds of problem: the synonymy problem, i.e. several Bangla terms have been used for the same concept by different authors; the overlap problem, i.e. the same Bangla term has been used for different concepts by different authors; and gaps, i.e. there being no term for a number of common concepts or related concepts. The following principles were agreed upon in order to handle synonymy and overlapping:

1. High frequency of occurrence
2. Transparency in expression and content
3. Productivity
4. Minimizing weight (derivational and absolute)
5. Maintaining consistency as far as practicable

However, when none of the principles converged on a viable outcome, subjective decisions were taken, on the basis of collective deliberation.

The choice of one term among several synonyms followed principles 1-4. Priority was given to terms used by more than one author (and therefore relatively frequent); terms that express the concept more transparently than other terms; terms that maximize inflectional and derivational convenience; and relatively simple terms. On the basis of one or more of these principles one Bangla term was chosen out of a set of synonyms as the key term. The Bangla-to-English list includes only key terms, while the English-to-Bangla list, in addition to the key term for each entry, displays at the most three synonyms, if available, within brackets. The principle of consistency assisted in resolving the problem of overlap, i.e. the key terms should overlap as least as practicable. Since both the lists are alphabetically arranged, cross referencing at any point is a straightforward task.

As regards gaps, needless to say, printed books were not of any help. Hence other sources, viz. published articles, unpublished lists prepared by individual authors for their own use and the Bangla versions of question papers of undergraduate courses in Linguistics were included. In addition, new terms were created as and when required, keeping in mind that the number of options must not be increased.

The lists include not only terms in the narrow sense but also larger expressions in which the key term is the head of a phrase, or a member of a compound, or one element in a clause-like construction. In other words, our objective is to provide lists of technical expressions rather than of technical terms, as the technical manner of using a language for writing technical essays and books depends not only on terms but also on the language as a whole.

The objectives of the project on technical expressions are, firstly, to present a descriptive view of the domain of Bangla technical expressions in linguistics - the English-to-Bangla list provides such a view; secondly, to provide the authors with a ready stock of Bangla technical expressions - both the lists are of assistance in this regard; and to contribute to the enterprise of standardizing Bangla technical expressions - the principles we framed and followed were oriented towards this goal.

Of course, it did not prove possible to arrive at our outcomes purely objectively; time and again subjective decisions made it possible to move ahead. However subjective the decisions may have been, they were at all times taken jointly by the three workers after ample debate and discussion. Thus, naturally, only the three of us are responsible for the shortcomings of the project.

At this juncture I take the opportunity to express my gratitude to the people who extended unlimited help in giving this study a shape.

We greatly benefited from the comments of Professor Probal Dasgupta. He also helped us with books and his personal list of technical expressions.

From Bangla Academy, Dhaka, we received an unpublished list of Bangla technical terms of linguistics which had been prepared by Professor Mahbubul Haque of Chittagong University, Bangladesh.

Dr. Vidya Dutta collected the data during the initial phase of the project.

Ms. Nivedita Mitra and Ms. Soumi Banerjee extended wholehearted assistance during the production process, including its final stages.

I am indebted to Professor Suranjan Das, our Hon'ble Vice-Chancellor, Professor Basab Chaudhuri, the Registrar, and my departmental colleagues for immense support at all stages, and to Mr. Ayan Ghosh for printing this volume.

ভাষাতত্ত্বের বাংলা পরিভাষা : একটি বর্ণনামূলক প্রতিবেদন

মীনা দাঁ, কৃষ্ণা ভট্টাচার্য, অভিজিৎ মজুমদার

> ".. the phrase *technical expression* is only a shorthand form for 'a name or a term used in a technical sense and typically in a technical context'. Technical sense and technical context together constitute the whole technical manner of using a language. Technical nomenclature and technical terminology simply constitute the heart of the technical use of language."
>
> - Ashok R. Kelkar (1984:303-4)[1]

> "Simple and derived nouns and also compounds generally function as names. That is most of the processes of word-formation have the function of providing names in the case of the nominal category."
>
> D.N.S. Bhat (2000:33)[2]

।।ভূমিকা।।

পরিভাষা যে মুখের বা লেখার বা দিনদৈনন্দিনের ব্যবহারের ভাষার থেকে গা বাঁচিয়ে একটু তফাৎ দিয়ে চলে তা আলাদা করে বলার অপেক্ষা রাখে না। পরিভাষাভাণ্ডারের সঙ্গে যাঁদের সরাসরি লেনদেন, অর্থাৎ পরিভাষার চাহিদা-যোগানের সাংস্কৃতিক ক্ষেত্রের ব্যাপারী যাঁরা তাঁরা তো জানেনই, এমন কী এই ক্ষেত্রের সঙ্গে যাঁদের কোনো সম্পর্ক নেই তাঁরাও, অন্তত নামটা থেকে, আন্দাজ করতে পারেন যে পরিভাষা ভাষার কোনো পরিশীলিত বা পরিমার্জিত বা পরিকল্পিত বা পরিমিত ধরনের চেহারা হতে পারে, তবে পরিচিত চেহারা নয়।

পরিভাষা হল জ্ঞানচর্চার কোনো নির্দিষ্ট ক্ষেত্রে ব্যবহৃত সুনির্দিষ্ট অর্থবাহী শব্দাবলী। জ্ঞানচর্চার ক্ষেত্র হতে পারে নানান ধরনের - গণিতশাস্ত্র, পদার্থবিদ্যা, চিকিৎসাবিদ্যা, স্থাপত্যবিদ্যা, দর্শনশাস্ত্র, ভাষাতত্ত্ব, সঙ্গীতশাস্ত্র, নৃত্যকলা, কম্পিউটার সায়েন্স, জেনেটিকস থেকে শুরু করে রন্ধনশিল্প অবধি। প্রতিটি ক্ষেত্রেরই নিজস্ব কিছু শব্দাবলী থাকে যেগুলি সেই ক্ষেত্রের জরুরি ধারণা প্রকাশ করার কাজে নিয়োজিত। যেমন, ভাজ্য, ভাজক, সমীকরণ, বর্গমূল, অনুপাত, গুণিতক, সরল, জটিল, মৌলিক ইত্যাদি হল গণিতশাস্ত্রের পরিভাষা। পারিভাষিক শব্দও বলা হয়। তবে পরিভাষা যে সদাসর্বদাই শব্দে সীমিত থাকে তা নয়। এ নিয়ে বিস্তারিত আলোচনা যথাস্থানে হবে।

---

1. Kelkar, A.R. 1984. The Semiotics of Technical Names and Terms. *Recherches Sémiotiques / Semiotic Inquiry.* Vol. 4. 3/4. 303-326.

2. Bhat, D.N.S. 2000. Functional Constraints on Word-formation Rules. Rajendra Singh (ed). *The Yearbook of South Asian Languages and Linguistics 2000.* New Delhi/ Thousand Oaks/ London: Sage. 31-47.

পরিভাষার বৈশিষ্ট্য নির্ধারণ করে বলা যায়, প্রথমত, প্রতিটি পারিভাষিক শব্দের একটি করে সংজ্ঞা থাকে। পরিভাষা যেন বাদামের শক্ত খোলা যার মধ্যস্থ বাদামটি হল একটি ধারণা। একটি জরুরি ধারণা নাট-শেলে পোরা। নাট-শেলের সঙ্গে তুলনাটা পরিভাষার বাহুল্যবর্জিত ঠাসবুনোটা বৈশিষ্ট্যটিকে স্পষ্ট করতে সাহায্য করে। তবে আরও জুতসই তুলনা হল ক্যাপসুলের খোলোসটা। খোলোসের মধ্যে ওষুধের গুঁড়ো ভরে ক্যাপসুল তৈরি করার পিছনে অনেকটা সচেতন ভাবনা-চিন্তা, গবেষণা, স্বীকৃতি, অনুমোদন ও বিজ্ঞাপন থাকে, এবং পুরো প্রক্রিয়াটা কোনো স্তরেই এককব্যক্তি-নির্ভর নয়, বরং গোষ্ঠী-নির্ভর। সে রকমই কোনো নির্দিষ্ট গোষ্ঠীভুক্ত ব্যবহারকারীরাই ভাবনা-চিন্তা, যুক্তি-তর্কের মাধ্যমে গোষ্ঠীর অনুমোদন-সাপেক্ষে সচেতনভাবে একটি জরুরি ধারণাকে একটি নির্দিষ্ট শব্দের সঙ্গে জুড়ে দেন এবং সর্বসম্মতিক্রমে নির্ধারিত হয় যে ওই শব্দটির সংজ্ঞা হল ওই ধারণাটি।

দ্বিতীয়ত, পরিভাষা হিসেবে একই শব্দ জ্ঞানচর্চার একাধিক ক্ষেত্রে ব্যবহৃত হলেও তার সংজ্ঞা পৃথক হবে। *সরল* শব্দটি গণিত ও ভাষাতত্ত্ব উভয় ক্ষেত্রেই পরিভাষা বলে ব্যবহৃত। কিন্তু গণিতের ক্ষেত্রে *সরল* বলতে আমরা বুঝি নির্দিষ্ট ধরনের অঙ্কের পদ্ধতিকে। আর ভাষাতত্ত্বে *সরল* শব্দটি বাক্য বা শব্দ-এর আগে বিশেষণ হিসেবে বসে দুইয়ে মিলে একটি আস্ত পরিভাষা তৈরি করে। এইভাবে *সরল বাক্য* বলতে বোঝায় একটি মাত্র সমাপিকা ক্রিয়া সম্পন্ন বাক্য। অতএব এই দুই ক্ষেত্রে *সরল* শব্দটির সংজ্ঞা তো ভিন্ন হবেই। অর্থাৎ নির্দিষ্ট সংজ্ঞাসহ একটি পারিভাষিক শব্দের ব্যবহার একটি নির্দিষ্ট জ্ঞানচর্চার ক্ষেত্রেই সীমাবদ্ধ।

তৃতীয়ত, পরিভাষার ব্যবহার গোষ্ঠী-কেন্দ্রিক। একই পরিভাষাগুচ্ছ জ্ঞানচর্চার নির্দিষ্ট ক্ষেত্রের সঙ্গে যুক্ত কোনো গোষ্ঠীর সদস্যদের মধ্যে বিষয়ের আলোচনাকে যেমন সাবলীল সহজবোধ্য করে তোলে ঠিক তেমনই গোষ্ঠীবহির্ভূতজনের কাছে সেই আলোচনাকেই দুর্বোধ্য করে তোলে।

চতুর্থত, পারিভাষিক শব্দগুলি সাধারণ ভাষার উপাদান হিসেবেও ব্যবহৃত হয়। যেমন, মানুষটি খুব সরল—এই বাক্যে *সরল* শব্দটির কোনো পারিভাষিকতা নেই। একই শব্দের এই দুরকম ব্যবহারের মধ্যে পার্থক্য করে বলা হয় পরিভাষা হিসেবে *সরল* শব্দটি অধিভাষার অংশ। অধিভাষা হল ধারণা বিশ্লেষণের বিজ্ঞানসম্মত সরঞ্জাম। আর পারিভাষিকতাহীন *সরল* শব্দটি সাধারণ ভাষার অংশ।

পঞ্চমত, সাধারণ শব্দ আর পারিভাষিক শব্দের মধ্যে আরেকটি পার্থক্য হল স্বভাষী সাধারণ শব্দ নির্মাণ করে নেহাৎই অসচেতনভাবে, অবলীলায়। কিন্তু পরিভাষা নির্মাণ হল একটি অত্যন্ত শৃঙ্খলাবদ্ধ সচেতন প্রয়াস। পরিভাষা নির্মাণের রীতিনীতি বহুবিধ চর্চার মাধ্যমে ক্রমশ বিজ্ঞানসম্মত হয়ে উঠেছে এবং ক্ষেত্রটি তত্ত্বের পর্যায়ে উন্নীত হয়েছে। পরিভাষাতত্ত্ব ও প্রযুক্তির যৌথ প্রয়াসে নির্মিত হয়েছে বিভিন্ন ক্ষেত্রের পরিভাষা ব্যাংক বা টার্মিনোলজিকাল ডেটা ব্যাংক বা সংক্ষেপে টার্ম ব্যাংক, যা ইন্টারনেটে লভ্য, কোনোটি মূল্যের বিনিময়ে আবার কোনোটি বিনামূল্যে ডাউনলোডযোগ্য। মুদ্রিত পরিভাষাকোষের তুলনায় টার্ম ব্যাংকের সুবিধা হল টার্ম ব্যাংক অত্যন্ত সচল, এখানে প্রয়োজন মতো অবিরাম শব্দনির্মাণ ও সংযোজন হয়ে চলেছে।

পরিভাষাতত্ত্ব আদতে একটি আন্তর্বিদ্যা চর্চার ক্ষেত্র, যেখানে বিভিন্ন ক্ষেত্রের জ্ঞান ও প্রায়োগিক অভিজ্ঞতা হাতে হাত মিলিয়ে কাজ করে। পরিভাষাতত্ত্বে যেমন প্রয়োজন ভাষাতত্ত্ব, অভিধানতত্ত্ব, ঈক্ষাতত্ত্ব ও অনুবাদতত্ত্বের পর্যাপ্ত জ্ঞান ঠিক তেমনই জরুরি নথিভুক্তিকরণ, জ্ঞাপন, প্রযুক্তি, ভাষাপরিকল্পনা ও প্রমিতায়নের মতো প্রায়োগিক ক্ষেত্রবিষয়ে সম্যক অবহিতি। আন্তর্বিদ্যা চর্চার ক্ষেত্র হিসেবে পরিভাষাতত্ত্বের পরিচয় দিতে গেলে যে বিশদ আলোচনার অবতারণা করতে হবে, বলা বাহুল্য, বর্তমান প্রতিবেদনের পরিসরে তা অনুমোদনযোগ্য নয়। উপরন্তু এই প্রতিবেদনের উদ্দেশ্যের নিরিখেও তা জরুরি নয়। অতএব মনোনিবেশ করা যাক বাংলা পরিভাষায়।

শুরুতেই জানা ভালো যে পরিভাষা চর্চার এই যে আদর্শ বর্ণনা ওপরে দেওয়া হল বাংলায় পরিভাষা চর্চার ছবিটা কিন্তু এই বর্ণনার সঙ্গে আদৌ মেলে না। আমাদের আপাতত আলোচনার বিষয়—কেন মেলে না এবং সমস্যা কী কী।

পরিভাষাতত্ত্ব পরিভাষা নির্মাণের দু'ধরনের পদ্ধতির উল্লেখ করে—মৌলিক নির্মাণ ও অনুগামী নির্মাণ। কোনো সদ্য আবিষ্কৃত বা সৃষ্ট ধারণার নামকরণ করা হল পরিভাষার মৌলিক নির্মাণ। আর সেই নামকে অন্য কোনো ভাষায় রূপান্তরিত করা হল পরিভাষার অনুগামী নির্মাণ। দু'ধরনের নির্মাণের লক্ষ্য যেমন আলাদা, পদ্ধতিও পৃথক। অনুগামী নির্মাণের ক্ষেত্রে ইতিমধ্যেই, অন্য ভাষায় হলেও, একটি নাম বা শব্দের অস্তিত্ব এবং তার সর্বজনমান্যতা, অর্থাৎ মৌলিক নির্মাণের প্রবল ভাষিক উপস্থিতি বর্তমান। ফলে অনুগামী নির্মাণের দায় থাকে সর্বতোভাবে সেই মৌলিক নির্মাণের সার্থক অনুগামী হয়ে ওঠার। বিপরীতে, মৌলিক নির্মাণ এরকম কোনো ভাষিক দায়মুক্ত, অনধীন। এই দায়বদ্ধতাবশত অনুগামী নির্মাণ যে-কোনো একটি পদ্ধতির আশ্রয় নেয়—ঋণকৃতি অথবা অনুবাদ। যেমন, রসায়নের পরিভাষায় *অক্সিজেন* ঋণকৃতির ও অ্যাসিড অর্থে *অম্লজান* অনুবাদের উদাহরণ।

বাংলা বা বাংলার সমতুল্য যে কোনো আঞ্চলিক ভারতীয় ভাষাতেই পরিভাষা অনুগামী নির্মাণ পদ্ধতি অনুসরণ করেই নির্মিত হয়। অর্থাৎ হয় ঋণকৃতি নয় অনুবাদ। আঞ্চলিক ভারতীয় ভাষাটি হল লক্ষ্যভাষা, আর সাধারণত ইংরিজিই হল উৎসভাষা, সারস্বত-চর্চার অন্যতম আন্তর্জাতিক ভাষা হওয়ার সুবাদে। আবার এই সুবাদেই ইংরিজি পারিভাষিক শব্দের প্রমিতায়নের মাত্রাও মাপকাঠি মাফিক যথার্থ। উৎস-লক্ষ্যের ব্যতিক্রমও আছে কিছু। যেমন, ভাষাতত্ত্বের ক্ষেত্রে ভারতীয় ব্যাকরণধারা থেকে ইংরিজিতে নেওয়া হয়েছে *সন্ধি* শব্দটিকে, ঋণকৃতির মাধ্যমে, অর্থাৎ অনুগামী নির্মাণে। তবে ব্যতিক্রম বা ইংরিজি পরিভাষায় মৌলিক নির্মাণ ও অনুগামী নির্মাণ কতটা মিলেমিশে রয়েছে এই প্রতিবেদনে তা আমাদের আলোচ্য নয়।

অনুগামী নির্মাণের ঋণকৃতি ও অনুবাদ—এই দুই পদ্ধতির মধ্যে ভাষাতত্ত্বের নিরিখে অনুবাদ অনেক বেশি প্রাসঙ্গিক কারণ সমস্যা বেশি এখানেই। অনুবাদ হল ভাষান্তরকরণ। অর্থাৎ অনুবাদে 'ভাষা' এবং 'অন্তরকরণ' (অর্থাৎ অনুবাদের পদ্ধতি) হল দুটি প্রধান উপাদান এবং দুটিই অনুগামী নির্মাণের ক্ষেত্রে সমস্যার আকর। ভাষা, তা সে যে ভাষাই হোক না কেন, বক্তাকে একই কথা একাধিকভাবে পেশ করার সুযোগ দেয়। যেমন, *বাংলা পরিভাষা নির্মাণে*

রবীন্দ্রনাথ ঠাকুর ও রাজশেখর বসুর অবদান অনেক—এই কথাটাকে নানাভাবে বাক্যান্তর করা যায়—*বাংলা পরিভাষা নির্মাণের অন্যতম পথিকৃৎ রবীন্দ্রনাথ ঠাকুর ও রাজশেখর বসু। রবিন্দ্রনাথ ঠাকুর ও রাজশেখর বসুর ভাবনা-চিন্তা বাংলা পরিভাষাকে সমৃদ্ধ করেছে। রবীন্দ্রনাথ ঠাকুর ও রাজশেখর বসুর উল্লেখ না করলে বাংলা পরিভাষার আলোচনা অসম্পূর্ণ থাকে* ইত্যাদি। বাক্যান্তর ও শব্দান্তরের সামর্থ্য ভাষার বৈশিষ্ট্য এবং সম্পদ হলেও অনুগামী পরিভাষা নির্মাণের ক্ষেত্রে তা বিকল্পের তালিকাকে অহেতুক দীর্ঘ করে সমস্যার সৃষ্টি করে। অপরপক্ষে অনুবাদের পদ্ধতিও একাধিক—ভাষানুবাদ, ভাবানুবাদ, অনূদিত ঋণ প্রভৃতি এবং এসবের বিভিন্ন মাত্রায় মিশ্রণ। প্রতিটি পদ্ধতিরই প্রদান পৃথক। অর্থাৎ ভাষা ও পদ্ধতি উভয়েই চরিত্রে অনেকান্তক। সর্বোপরি ভাষা ও পদ্ধতির বিকল্প নির্বাচনের সিদ্ধান্ত একান্তভাবেই অনুবাদকের মনোজাত। ফলে বাস্তবে যা ঘটে তা হল, ধরা যাক ভাষাতত্ত্বের ক্ষেত্রে, প্রবন্ধকার বা গ্রন্থকার বাংলায় লেখার সময়ে নিজের মতো করে প্রয়োজনীয় পরিভাষার অনুগামী নির্মাণ করেন। এইভাবে ভাষাতত্ত্বের বিভিন্ন কর্মীর লেখায় অনুগামী নির্মাণে নির্মিত বিভিন্ন ধরনের পরিভাষা তৈরি হয়, অর্থাৎ পরিভাষায় বিকল্পের আধিক্য দেখা যায়। শুধু সংখ্যাধিক্যই নয়, থাকে অতিক্রমণও। অতএব দু'ধরনের পরিস্থিতি—(১) একটি ইংরিজি পারিভাষিক শব্দের জন্যে একাধিক বাংলা পরিভাষা, যেমন, ফোনিম অর্থে *স্বনিম, ধ্বনিকল্প, ধ্বনিম, ধ্বনিমূল, মূলধ্বনি*—অন্তত পাঁচটি পারিভাষিক শব্দ ব্যবহৃত; (২) একই বাংলা শব্দ একাধিক ইংরিজি পরিভাষার জন্যে ব্যবহৃত, যেমন, বাংলা *আশ্রিত* শব্দটি ইংরিজি ক্লিটিক, ডিপেন্ডেন্ট, সাবর্ডিনেট—এই তিনটি পরিভাষার ক্ষেত্রেই ব্যবহৃত, অতিক্রমণের কারণে।

সমস্যার অন্যদিকে রয়েছে বাংলা পরিভাষার প্রমিতায়নের সুযোগ-সুবিধের অভাব। একটি পারিভাষিক শব্দ নির্মাণের পরে যৌথ অনুমোদন পেয়ে সেটি একটি গোষ্ঠীতে চালু হয়ে সেই নির্দিষ্ট জ্ঞানচর্চার ক্ষেত্রের মুদ্রার মর্যাদা পেলে শব্দটির প্রমিতায়ন ঘটে। গণিত, পদার্থবিদ্যা, রসায়নের মতো বিষয়গুলির ক্ষেত্রে বাংলা মাধ্যম ইস্কুল-কলেজে বাংলা পাঠ্যপুস্তকের কল্যাণে উচ্চমাধ্যমিক স্তর পর্যন্ত পারিভাষিক শব্দগুলির প্রভূত প্রমিতায়ন ঘটেছে। কিন্তু ভাষাতত্ত্বের মতো উচ্চশিক্ষা ও গবেষণা স্তরে সীমিত চর্চিত বিষয় এবং যেখানে অবিরাম নতুন নতুন পশ্চিমী ধারণার আমদানি চলছে সেখানে প্রমিতায়নের সুযোগ তেমন নেই।

উপরোক্ত সব কারণে বাংলা ভাষাতত্ত্বের পরিভাষা বিকল্পের আধিক্য ও অতিক্রমণে আক্রান্ত, ফলে বেশ অগোছালো কলেবরে বিদ্যমান। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাষাতত্ত্ব বিভাগের একটি প্রকল্পে আমরা ভাষাতত্ত্বের বিভিন্ন বিষয়ের ওপর বাংলায় লেখা প্রায় কুড়িটি গ্রন্থে ব্যবহৃত পরিভাষা সংগ্রহ করি এবং সেখানে বিকল্পের আধিক্য ও অতিক্রমণ লক্ষ্য করি। আরও কিছু গ্রন্থ, প্রবন্ধ ও অন্যান্য মুদ্রিত ও অমুদ্রিত উৎস ব্যবহার করে, নিজেদের সিদ্ধান্ত অনুযায়ী বিকল্প ও অতিক্রমণ যথাসম্ভব লাঘব করে ইংরিজি-থেকে-বাংলা ও বাংলা-থেকে-ইংরিজি পরিভাষার দুটি তালিকা প্রস্তুত করি। তালিকা প্রস্তুতির প্রথম উদ্দেশ্য হল পারিভাষিকতার যোগান দিয়ে বাংলায় ভাষাতত্ত্বচর্চার কাজে সহায়তা করা। দ্বিতীয় উদ্দেশ্য, পারিভাষিকতার অগোছালো কলেবরকে প্রমিতায়নের দিকে এগিয়ে দেওয়া। বলা বাহুল্য, প্রকৃত প্রয়োগ থেকে সংগ্রহ করার কারণে এই তালিকাভুক্ত পারিভাষিক শব্দের যথাযোগ্য মাত্রায় প্রমিতায়ন সম্ভব হয়নি। তবু যেটুকু করা গেছে তা হল বহু বিকল্পের মধ্যে থেকে চারটির

বেশি বিবেচনা করা হয়নি এবং বহু বিকল্পের মধ্যে একটিকে প্রধান বিবেচনা করা হয়েছে। এই প্রধানটিকে উল্লেখ করেই বাংলা-থেকে-ইংরিজি তালিকাটি তৈরি। অর্থাৎ ইংরিজি-থেকে-বাংলা তালিকাটিরই মোটামুটি একটি ঝাড়াই-বাছাই রূপ হল বাংলা-থেকে- ইংরিজি তালিকাটি। এই তালিকাটি তাই প্রথমে মুদ্রিত হয়েছে। প্রাবন্ধিক প্রমিত শব্দ খুঁজলে এই তালিকায় সীমাবদ্ধ থাকবেন। এই তালিকা মনোমত না হলে ইংরিজি-থেকে-বাংলা তালিকার দিকে তাকিয়ে নিজের পছন্দ মতো শব্দ নির্বাচন করবেন। তখন ইংরিজি-থেকে-বাংলা তালিকার ভূমিকা হবে বিকল্পের সংখ্যাটা যাতে ওখানে উল্লিখিত শব্দগুলিতেই সীমিত থাকে তা নিশ্চিত করা। এই ভূমিকাও প্রমিতায়নমুখী। দুটি তালিকাই বর্ণানুক্রমিক হওয়ায় প্রতিনির্দেশের ভিত্তিতে একটি থেকে অন্যটিতে চলাচল যথেষ্ট সুগম। উল্লেখ করা প্রয়োজন যে ইংরিজি-থেকে-বাংলা তালিকায় বিকল্পহীন শব্দাবলীরই কিন্তু সংখ্যাগরিষ্ঠতা। অর্থাৎ বিকল্পের সমস্যা হল সংখ্যালঘিষ্ঠের সমস্যা। এবার এই প্রস্তুতি পর্বের আলোচনা।

অনুগামী নির্মাণে অনুবাদ ব্যবহারের ফলস্বরূপ পারিভাষিক শব্দ হিসেবে বিভিন্ন ধরনের শব্দবন্ধের সৃষ্টি হয়—একক শব্দ, সরল বা জটিল; সমাসবদ্ধ শব্দ; পদগুচ্ছ, প্রধানত বিশেষ্য পদগুচ্ছ। অর্থাৎ শব্দনির্মাণের একাধিক পদ্ধতি ক্রিয়াশীল হয়, উপরন্তু প্রয়োজনে পদগুচ্ছও নির্মিত হয়। এইসবের ফলে দেখা যায় ভাষাতত্ত্ব নিয়ে বাংলায় লেখালিখিতে পারিভাষিকতা কেবলমাত্র শব্দসীমায় আবদ্ধ নয়, অনেক সময়েই শব্দ পেরিয়ে শব্দবন্ধে আরোপিত। যেমন, *আশ্রিত, আশ্রিত খণ্ডবাক্য* ও *আশ্রিত খণ্ডবাক্যের অধীনতা* বা *উচ্চারণ, উচ্চারণগত, উচ্চারণরীতি, উচ্চারণের ধীর-কৃত্রিম লয়*—সবকটিই পৃথক পৃথক পরিভাষা। পরিভাষা তালিকায় একদিকে যেমন রয়েছে শব্দবন্ধের দৈর্ঘ্যভেদ, তেমনই অন্যদিকে রয়েছে পারিভাষিক শব্দের পারিভাষিকতার মাত্রাভেদ। যেমন, *খণ্ডবাক্য, খুদে কলনবর্তনী, ঘৃষ্টতা, ঘোষ, শব্দভাণ্ডার, তির্যক কারক, দ্বিস্বর, ত্রিস্বর, নির্বাহণ, সূত্র, পদগুচ্ছ* ইত্যাদি শব্দকে যতটা গাম্ভীর্যপূর্ণ ও আঁটোসাটো, ফলে জরুরি পরিভাষা বলে মনে হয়, এগুলিরই পাশাপাশি *ন্যূনতম আন্বয়িক প্রয়োগক্ষেত্র, পদগুচ্ছ সংগঠন ব্যাকরণ, পদগুচ্ছ সংগঠন বিধি, প্রশ্নবোধক সর্বনাম, ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ* ইত্যাদির মতো শব্দবন্ধকে যথেষ্ট স্বচ্ছ, আলগা ও যেন তালিকায় বাড়তি সংযোজন বলে বোধ হয়। এছাড়াও আছে *বাচনিক-এর* পাশাপাশি *বাচনিক নিষিদ্ধতা, বাচনিক প্রতীক, বাচনিক শিল্প, বাচনিক শৈলী, বাচনিক সংগঠন, বাচনিক সামর্থ্য*-র মতো একই বিশেষণ সহযোগে বিভিন্ন বিশেষ্য পদগুচ্ছ।

অতএব বলা যায় ভাষার সাধারণ শব্দ নির্মাণ ও পরিভাষা নির্মাণের মধ্যে অন্যতম পার্থক্য হল সাধারণ শব্দ নির্মাণ কয়েক ধরনের শব্দনির্মাণ প্রক্রিয়া ও সমাসপ্রক্রিয়ায় সীমিত, কিন্তু পরিভাষা নির্মাণ পদ্ধতি এই গণ্ডি পেরিয়েও কাজ করে, বিশেষত যখন পদগুচ্ছ নির্মাণ করে।

গ্রন্থ-প্রবন্ধের ভাষিক উপস্থাপনাকে ঋজু ও বিজ্ঞানসম্মত করে তোলার জন্যে পারিভাষিকতাকে শব্দ ও পদগুচ্ছে সীমিত রাখলেও কাজ চলে না। জ্ঞানচর্চার ক্ষেত্রে বিষয়ের ও বিতর্কের উপযোগী ভাষাও নির্মাণ করতে হয়। ব্যাপকার্থে বলা সংগত যে পারিভাষিকতা বিষয়োপযোগী ভাষার সামগ্রিক গুণ। তবে বর্তমানে আমরা পারিভাষিকতাকে সংকীর্ণ অর্থেই গ্রহণ করব এবং শব্দ ও পদগুচ্ছকেই বিবেচনা করব।

।। পরিভাষা তালিকা প্রস্তুতির বর্ণনা।।

পরিভাষার এই দুটি তালিকা, যা আমরা দাবি করছি যে বাংলায় ভাষাতত্ত্বের গ্রন্থ-প্রবন্ধ রচনায় সহায়তা করবে এবং একই সঙ্গে পারিভাষিক প্রমিতায়নের দায়িত্বও পালন করবে, এই দুটি তালিকার প্রস্তুতিপর্বের সংক্ষিপ্ত পরিচয় দেওয়া জরুরি। গ্রন্থ ও প্রবন্ধ মিলিয়ে ভাষাতত্ত্ব নিয়ে বাংলায় লেখালিখি কম নয়। খুব কম আঞ্চলিক ভাষারই এত সম্পদ আছে। এই সম্পদ একদিকে যেমন বাংলাভাষা ও ভাষাতত্ত্বকে সমৃদ্ধ করেছে অন্যদিকে তেমনই তৈরি করেছে কিছু সমস্যার—মূলত পরিভাষা সমস্যার। ভাষাতত্ত্বের বিভিন্ন ক্ষেত্রে আগ্রহী বিদ্বজ্জন স্বাধীনভাবে সুচিন্তিত পরিভাষা নির্মাণ করে গ্রন্থ-প্রবন্ধ রচনা করেন। ফলে বিভিন্ন লেখকের হাতে বিভিন্ন পরিভাষা নির্মিত হয়। প্রমিতায়নও হয় না। মুশকিল এটাই। এই মুশকিলের অন্তত কিছুটা আসানের উদ্দেশ্যে আমরা বিভিন্ন গ্রন্থ-প্রবন্ধে ব্যবহৃত পরিভাষা সংগ্রহ করে এই মুশকিলের প্রধানত তিনটি ধরন দেখেছি—বিকল্পের সংখ্যাধিক্য, অতিক্রমণ ও ফাঁক। প্রথম দুটির মোকাবিলার জন্যে কিছু নীতি নির্ধারণ করে ও তৃতীয়টির ক্ষেত্রে কিছু নতুন পরিভাষা নির্মাণ করে তালিকা দুটি প্রস্তুত করেছি। আপাতত নীতি, উৎস, উপাদান, ফাঁক (ভরাট) ও বিন্যাস - এই কটি ভাগে আলোচনা পেশ করছি।

।। নীতি।।

বিকল্পের সংখ্যাধিক্য ও অতিক্রমণ সমস্যা হেতু আমাদের অনুসৃত নীতি পুরোপুরি বস্তুনিষ্ঠ হয়ে উঠতে পারেনি, সর্বস্তরেই মনোজাত সিদ্ধান্তের প্রয়োজন হয়েছে। তবে একটি মূলনীতি—বিকল্পের সংখ্যা যেন না বাড়ে—পূর্বাপর অনুসৃত হয়েছে।

ইংরিজি-থেকে-বাংলা তালিকায় যেখানে পাওয়া গেছে সেখানে একাধিক বিকল্প রাখা হলেও কখনোই চারটির বেশি বিকল্পকে বিবেচনা করা হয়নি। বিকল্পগুলির মধ্যে একটিকে প্রাধান্য দেওয়া হয়েছে। বাংলা-থেকে-ইংরিজি তালিকাটিতে শুধুমাত্র এই প্রধানটিকেই উল্লেখ করা হয়েছে। আর অতিক্রমণের ক্ষেত্রে, যেখানে একই বাংলা পারিভাষিক শব্দ একাধিক ধারণার জন্য ব্যবহৃত সেখানে, পরিভাষাটিকে একটি ধারণার জন্যে নির্দিষ্ট করে অন্য ধারণাটির জন্যে যদি বিকল্প থাকে তো সেই বিকল্পটি, বা একাধিক বিকল্প থাকলে তার মধ্যে থেকে কোনো একটিকে বেছে নেওয়া হয়েছে। বিকল্প না থাকলে কোনো কোনো ক্ষেত্রে নতুন শব্দ নির্মাণ করা হয়েছে।

চারের অধিক বিকল্প বাদ দেওয়া, বিকল্পের মধ্যে একটিকে প্রধান হিসেবে বেছে নেওয়া, একটি ধারণার জন্যে একটি পরিভাষা নির্দিষ্ট করা ও প্রয়োজনে নতুন পরিভাষা নির্মাণ করা—এই সব সিদ্ধান্তই মনোজাত। তবে মনোজাত সিদ্ধান্ত গ্রহণের সময়ে নিচের কয়েকটি বিষয় গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয়েছে।

১) কোন পরিভাষাটি সবচেয়ে চালু বা সবচেয়ে চোখে পড়ে বেশি
২) কোনটির স্বচ্ছতা বেশি
৩) কোনটির পদপ্রকরণে প্রয়োজনীয় শব্দনির্মাণের সামর্থ্য বেশি
৪) কোনটি দৈর্ঘ্য - প্রস্থের নিরিখে তেমন ভারি নয়

আর যখন এর কোনোটিই সহায়তা করেনি তখন কাজ করেছে নিজেদের যুক্তি। গোষ্ঠী না হলেও অন্তত তিনজনের যুক্তির ঐকমত্য।

।।উৎস।।

পরিভাষা সংগ্রহের উৎস বিবিধ-মুদ্রিত গ্রন্থ, প্রবন্ধ, অপ্রকাশিত ব্যক্তিগত তালিকা এবং স্নাতকস্তরের প্রশ্নপত্র।

১৯৩৯ থেকে ২০১২ পর্যন্ত বিস্তৃত সময়ে ভাষাতত্ত্বের বিভিন্ন শাখায় প্রকাশিত আঠাশটি গ্রন্থ আমরা বিবেচনা করেছি। গ্রন্থগুলির তালিকা নিচে দেওয়া হল। এই আঠাশটির মধ্যে পাঁচটি অধুনা বাংলাদেশের ঢাকা থেকে প্রকাশিত, এবং চারটি পরিভাষাসংগ্রহ বা অভিধান শ্রেণির।

১৯৩৯, সুনীতিকুমার চট্টোপাধ্যায়, *ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ*, কলিকাতা : কলিকাতা বিশ্ববিদ্যালয়। (কলকাতা : রূপা সংস্করণ, ১৯৮৮)।

১৯৬৮, সুকুমার সেন, *ভাষার ইতিবৃত্ত*, কলিকাতা : ইস্টার্ন পাবলিশার্স।

১৯৭০, মহঃ শহীদুল্লাহ, মহঃ আবদুল হাই, কাজী দীন মহম্মদ, মোফাজ্জল হায়দার চৌধুরী ও রফিকুল ইসলামের তত্ত্বাবধানে, *ভাষাতত্ত্ব-পরিভাষা-কোষ*, ঢাকা : কেন্দ্রীয় বাংলা উন্নয়ন বোর্ড।

১৯৭১, পরেশচন্দ্র মজুমদার, *সংস্কৃত ও প্রাকৃত ভাষার ক্রমবিকাশ*, কলকাতা : সারস্বত লাইব্রেরী।

১৯৮৭, প্রবাল দাশগুপ্ত, *কথার ক্রিয়াকর্ম*, কলকাতা : দে'জ পাবলিশিং।

১৯৯২, পরেশচন্দ্র মজুমদার, *বাংলা ভাষা পরিক্রমা* (দুই খণ্ড), কলকাতা : দে'জ পাবলিশিং।

১৯৯২ (শ্রাবণ, ১৩৯৯), রামেশ্বর শ, *সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা*, কলকাতা : পুস্তক বিপণি।

১৯৯৪, পবিত্র সরকার, *পকেট বাংলা ব্যাকরণ*, কলকাতা : আজকাল। (২য় সং ১৯৯৮)।

১৯৯৭, কাজী সিরাজ, *আধুনিক ভাষাবিজ্ঞান*, ঢাকা : বাংলা একাডেমী।

১৯৯৮, পবিত্র সরকার, *ভাষা, দেশ, কাল*, কলকাতা : মিত্র ও ঘোষ পাবলিশার্স।

১৯৯৮, শিশির ভট্টাচার্য, *সঞ্জননী ব্যাকরণ*, ঢাকা : চারু প্রকাশনী।

১৯৯৯, পবিত্র সরকার, *ছন্দতত্ত্ব ছন্দরূপ*, কলকাতা : চিরায়ত প্রকাশন।

১৯৯৯, মৃণাল নাথ, *ভাষা ও সমাজ*, কলকাতা : নয়া উদ্যোগ।

১৯৯৯, হুমায়ুন আজাদ, *অর্থবিজ্ঞান*, ঢাকা : আগামী প্রকাশন।

১৯৯৯, সুভাষ ভট্টাচার্য, *ভাষাতত্ত্বের পরিভাষা*, কলকাতা : পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি।

১৯৯৯, দিব্যাংশু মিশ্র, *সাহিত্যতত্ত্ব ও ভাষাতত্ত্ব পরিভাষাকোষ*, মেদিনীপুর : অমৃতলোক সাহিত্য পরিষদ। (২য় সং ২০০১)।

২০০১, জীনাত ইমতিয়াজ আলী, *ধ্বনিবিজ্ঞানের ভূমিকা*, ঢাকা : মওলা ব্রাদার্স।

২০০২, পবিত্র সরকার, *গদ্যরীতি পদ্যরীতি*, কলকাতা : সাহিত্যলোক।

২০০৩, পবিত্র সরকার, *ভাষাপ্রেম ভাষাবিরোধ*, কলকাতা : দে'জ পাবলিশিং।

২০০৩, অলিভা দাক্ষী, *বাংলা ভাষাবিজ্ঞান অভিধান*, কলকাতা : সংস্কৃত পুস্তকভাণ্ডার।

২০০৫, অভিজিৎ মজুমদার, *চণ্ডীমঙ্গল (আখেটিক খণ্ড) : সংগঠন ও শৈলী বিচার*, কলকাতা : দে'জ পাবলিশিং।

২০০৬, নীলাদ্রি শেখর দাশ, *ভাষাংশসংগ্রহ ও আধুনিক ভাষাবিজ্ঞান*, কলকাতা : দক্ষভারতী।

২০০৬, নীলাদ্রি শেখর দাশ, *বহুরূপী বাংলা বানান*, কলকাতা : দক্ষভারতী।

২০০৬, পবিত্র সরকার, *বাংলা ব্যাকরণ প্রসঙ্গ*, কলকাতা : দে'জ পাবলিশিং।

২০০৭, অভিজিৎ মজুমদার, *শৈলীবিজ্ঞান এবং আধুনিক সাহিত্যতত্ত্ব*, কলকাতা : দে'জ পাবলিশিং।

২০১১, প্রবাল দাশগুপ্ত, *ছিন্ন কথায় সাজায়ে তরণী*, কলকাতা : গাঙচিল।

২০১২, প্রবাল দাশগুপ্ত, *ভাষার বিন্দুবিসর্গ*, কলকাতা : গাঙচিল।

২০১২, বিদ্যুৎবরণ চৌধুরী, *ভাষা-প্রযুক্তির কয়েকটি*, কলকাতা : আনন্দ।

এ ছাড়া আমরা ব্যবহার করেছি দুটি অপ্রকাশিত তালিকা—প্রবাল দাশগুপ্তের ও মাহবুবুল হকের। ইন্ডিয়ান স্ট্যাটিস্টিকাল ইনস্টিটিউটের লিংগুইস্টিক রিসার্চ ইউনিটের অধ্যাপক প্রবাল দাশগুপ্তের নাম ভাষাতত্ত্বে সুপরিচিত এবং তিনি নিয়মিত বাংলায় লেখেন। তিনি নিজের লেখালিখির জন্যে যে তালিকাটি প্রস্তুত করেছেন সেটি ব্যবহার করতে দিয়ে আমাদের সহায়তা করেছেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক মাহবুবুল হক নিজে ব্যবহার ও ঢাকা বাংলা একাডেমীর ব্যাকরণ প্রকল্পে ব্যবহার করার জন্যে পরিভাষা তালিকার একটি পাণ্ডুলিপি প্রস্তুত করেন। এই পাণ্ডুলিপিটি পেয়ে আমরা অধ্যাপক মাহবুবুল হক ও ঢাকা বাংলা একাডেমীর মহাপরিচালক জনাব শামসুজ্জামান খান উভয়ের কাছেই কৃতজ্ঞ।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের স্নাতকস্তরের প্রশ্নপত্র ইংরিজি ও বাংলা দুটি ভাষায় হয়। সেই সূত্রে ভাষাতত্ত্বের প্রশ্নপত্রেও দীর্ঘদিন ধরে পরিভাষার ব্যবহার রয়েছে। এই প্রশ্নপত্রও আমাদের উৎস হিসেবে ব্যবহৃত।

এছাড়া রয়েছে আমাদের লেখা কয়েকটি প্রবন্ধ, নিজেদের তৈরি ছোটোখাটো তালিকা—যা লেখার বা প্রশ্নপত্র প্রণয়নের উদ্দেশ্যে প্রস্তুত, এবং নিজস্বনির্মাণ। নিজস্ব নির্মাণের কাজে সাহায্য নেওয়া হয়েছে বিভিন্ন অভিধানেরও।

।।উপাদান।।

বাংলা পরিভাষার আকৃতি নানান রকম, নানান মাপের এককে সমৃদ্ধ। আঁটোসাটো একশাব্দিক *(ধ্বনিচিত্র* (স্পেক্টোগ্রাম)) থেকে বর্ণনামূলক শব্দবন্ধ *(মুখগহ্বর-সংক্রান্ত লক্ষণ* (ক্যাভিটি ফিচার্স)) পর্যন্ত। মূল ধারণা এবং সেই মূল ধারণাকেন্দ্রিক অন্যান্য সংশ্লিষ্ট ধারণা ও

বর্ণনা প্রকাশের জন্যে প্রয়োজনীয় পরিভাষা এই তালিকাভুক্ত হয়েছে। অন্যভাবে বলা যায়, শুধু ইংরিজির শব্দ নয়, ধারণা প্রকাশক পদগুচ্ছকেও আমরা পরিভাষা বলে গণ্য করেছি। বাংলায় ভাষাতত্ত্ব চর্চার ভাষাকে সামগ্রিকভাবে ঋজু ও সংগতিপূর্ণ, ফলে আরও প্রাসঙ্গিক করে তোলার উদ্দেশ্যেই এই রকম সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

একদিকে বিকল্পের সংখ্যা বৃদ্ধি রোধ আর অন্যদিকে ইংরিজি ও বাংলা পরিভাষার মধ্যে যথাসম্ভব ১:১ সম্পর্কস্থাপন—এই দুটি কাজ করতে গিয়ে যে-সব সমস্যার উদ্ভব হয়েছে এবারে তার কয়েকটি উল্লেখ করা যাক।

সিম্যান্টিক/সিম্যান্টিক্স ধারণাটির জন্যে *বাগর্থ (বাগর্থতত্ত্ব, বাগর্থতা* ইত্যাদি), *শব্দার্থ (শব্দার্থ পরিবর্তন, শব্দার্থ লক্ষণ* ইত্যাদি), *অর্থ (অর্থান্তর, অর্থমূলক শ্রেণিবিভাগ* ইত্যাদি), *আর্থ (আর্থান্তর, আর্থ একক* ইত্যাদি)—চারটি বাংলা পরিভাষা পাওয়া গেছে। সবকটিকে এক অর্থাৎ, শব্দার্থ বা বাগর্থ করে দিলে বিকল্প বাড়ে, কারণ বাগর্থ লক্ষণ অথবা শব্দার্থতার মতো কোনো পরিভাষা পাওয়া যায়নি। ফলে ব্যবহৃতটির পাশাপাশি বাগর্থ লক্ষণ অথবা শব্দার্থতার মতো নতুন বিকল্পও তৈরি হয়ে যায়। এছাড়াও সবকিছুকে বাধ্যতামূলকভাবে এক করে দিলে অর্থের তারতম্যও, যা অনেক ক্ষেত্রেই প্রয়োজন হয় তাও, বজায় থাকে না। এই সবের সঙ্গে আপোষের প্রতিফলন ঘটেছে বাংলা-থেকে-ইংরিজি তালিকায়। সেখানে একটি মূল ধারণার জন্যে একটি পরিভাষা ব্যবহৃত হলেও যখন সেই ধারণাটিকে কেন্দ্রে রেখে বড় শব্দবন্ধ তৈরি হয়েছে তখন মূল ধারণার জন্যে ব্যবহৃত পরিভাষাটি বদলে গেছে, ওপরের উদাহরণটির মতো; যদিও ইংরিজি পরিভাষাটি একই রয়েছে, যেমন ওপরের উদাহরণে সবক্ষেত্রেই ইংরিজি পরিভাষাটি সিম্যান্টিক। এর ফলে বাংলা-থেকে-ইংরিজি তালিকায় সিম্যান্টিক দিয়ে শুরু সব প্রবিষ্টিগুলি একত্র না থেকে বর্ণানুক্রমে ব, শ, অ এবং আ-তে ছড়িয়ে আছে। তবে ইংরিজি-থেকে-বাংলা তালিকায় কিন্তু সবকটিকে একত্রিত পাওয়া যায় এবং এই অংশটিতে প্রতিনির্দেশের ভিত্তিতে সহজেই ফিরে ফিরে আসা যায়।

আরেক ধরনের সমস্যা হল অতিক্রমণ রোধ বা ১:১ সম্পর্ক স্থাপন। উদাহরণ দেওয়া যাক। ডিস্ট্রিবিউশন ও স্ট্রাকচার—দুইয়ের ক্ষেত্রেই পাওয়া গেল *বিন্যাস,* সঙ্গে কিছু বিকল্পও। আমরা বিকল্পের থেকে বিবেচনা করে ডিস্ট্রিবিউশনের জন্যে *বণ্টন* ও স্ট্রাকচারের জন্যে *গঠনবিন্যাস* নির্দিষ্ট করেছি। এই রকমই একটি সমস্যা যার সমাধান সম্ভব হয়নি সেটি হল *নির্দেশক*। শুরুতে দেখা গেল আর্টিকল, ডেফিনিটিভ, ডেইকটিক, ডেমনস্ট্রেটিভ, ডিটারমিনেটিভ, ডিটারমিনিস্টিক, এনক্লিটিক, ইন্ডিকেটিভ, নর্মাটিভ, রেফারেনশিয়াল—এই দশটি ধারণার জন্যেই *নির্দেশক* ব্যবহৃত। বিকল্প বিবেচনা করে ডেইকটিক *(সূচক)*, ডিটারমিনেটিভ *(নির্দেশমূলক)*, ডিটারমিনিস্টিক *(নির্দেশাত্মক)*, এনক্লিটিক *(পূর্বশব্দাশ্রিত)* ও নর্মাটিভ *(আদর্শমূলক)*-এর পৃথক ব্যবস্থা করতে পারলেও আর্টিকল, ডেফিনিটিভ, ডেমনস্ট্রেটিভ, ইন্ডিকেটিভ ও রেফারেনশিয়াল—এই পাঁচটির জন্যে *নির্দেশক*-ই রাখতে হয়েছে। তবে প্রয়োগের ক্ষেত্রে সমস্যার পরিমাণটা অনেক কম কারণ একই প্রবন্ধে চারটি ধারণার উল্লেখের সম্ভাবনাও কম।

।।ফাঁক (ভরাট)।।

উদাহরণ দিয়ে বোঝানো যাক। বাক্যতত্ত্ব ও ধ্বনিতত্ত্ব শাখায় প্রয়োজনীয় অনেক পরিভাষা পাওয়া গেছে, কিন্তু এই দুটি ক্ষেত্রেই প্রয়োজনীয় ধারণা ওয়েলফর্মড ও ইলফর্মড-এর কোনো পরিভাষা পাওয়া যায়নি। এইরকম অনুপস্থিতিকে আমরা ফাঁক বলে গণ্য করেছি ও ফাঁক ভরাটের জন্যে নতুন নির্মাণ করেছি। যেমন, ওয়েলফর্মড ও ইলফর্মড-এর জন্যে নির্মিত হয়েছে যথাক্রমে *মঞ্জুর* ও *না-মঞ্জুর*। আবার এই প্রতিবেদন লেখার জন্যে তৈরি হল *মৌলিক পরিভাষা নির্মাণ* (প্রাইমারি টার্ম ফর্মেশন) ও *অনুগামী পরিভাষা নির্মাণ* (সেকেন্ডারি টার্ম ফর্মেশন)।

।।বিন্যাস।।

তালিকা দুটি বর্ণানুক্রমে বিন্যস্ত। ইংরিজি বর্ণানুক্রম সমস্যাহীন, তাই উল্লেখ নিষ্প্রয়োজন। বাংলা বর্ণানুক্রম হল অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ ক খ গ ঘ চ ছ জ ট ত দ ধ ন প ফ ব ভ ম য য় র ল শ স হ। অনুল্লিখিত বর্ণগুলি কোনো প্রবিষ্টির আদ্যবর্ণ হিসেবে পাওয়া যায়নি।

ইংরিজি-থেকে-বাংলা তালিকায় জটিলতা যথেষ্ট, তাই কয়েকটি বিষয় বিশেষভাবে উল্লেখ করা প্রয়োজন।

প্রথমত, প্রতিটি ইংরিজি প্রবিষ্টির পাশে আছে তার বাংলা পরিভাষা। একাধিক বিকল্পের ক্ষেত্রে সর্বাধিক চারটিকে রেখে বাকিগুলি বাদ দেওয়া হয়েছে। একাধিক বিকল্পের মধ্যে থেকে একটিকে প্রধান্য দিয়ে সেটিকে প্রথমে লেখা হয়েছে। বাকিগুলিকে বন্ধনীর মধ্যে বর্ণানুক্রমে সাজানো হয়েছে।

দ্বিতীয়ত, বিকল্পগুলিতে যেখানে অব্যবহিত পরবর্তী বিকল্পটিতে শব্দ-পুনরুক্তি আছে সেখানে পুনরুক্তির পরিবর্তে টিল্ড (~) চিহ্নটি ব্যবহার করা হয়েছে, যেমন অভিধানে ব্যবহার হয়।

তৃতীয়ত, যেহেতু ভাষাতত্ত্বের বিভিন্ন শাখা অনুসারে পরিভাষা বিন্যস্ত নয়, শুধুই বর্ণানুক্রমে বিন্যস্ত, তাই বিভিন্ন শাখায় ব্যবহৃত প্রবিষ্টিগুলি তালিকার নানান স্থানে ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে।

চতুর্থত, এক এক শাখার পরিভাষার সংখ্যা এক এক রকম, তাই তালিকাতেও তাদের উপস্থিতির হার এক এক রকম।

বাংলা-থেকে-ইংরিজি তালিকায় জটিলতা নেই, কারণ এই তালিকায় বিকল্পের উপস্থিতি নেই। এই তালিকায় ইংরিজি-থেকে-বাংলা তালিকার প্রধান বাংলা পরিভাষাটিই শুধু উপস্থিত। শুধুমাত্র দুটি ক্ষেত্রে এর ব্যতিক্রম ঘটেছে। ফোনিম ও মর্ফিম ধারণা দুটির বিকল্প এত বেশি এবং তার মধ্যে বেশ কয়েকটিই বাজারে যথেষ্ট চালু হওয়াতে এই দুটি ধারণার ক্ষেত্রে প্রতিনির্দেশের সাহায্যে দুটি করে বিকল্পকে তালিকাভুক্ত করা হয়েছে।

।।উপসংহার।।

বাংলা পরিভাষা নিয়ে ভাবনা-চিন্তার ইতিহাস বেশ প্রাচীন। পরিভাষা নির্মাণের কাজ হয়েছে মূলত বিভিন্ন বিজ্ঞানের পরিসরে। সাহিত্য পরিষৎ পত্রিকায় ১৩০১ থেকে ১৩০৩ সময়কালে পরিভাষা সম্পর্কিত প্রায় তিরিশটি প্রাসঙ্গিক প্রবন্ধ প্রকাশিত হয়। এছাড়াও ভারতবর্ষ, প্রবাসী এবং বিশ্বভারতী পত্রিকা, বালক, সাধনা ইত্যাদি আরও দুয়েকটি পত্রিকার বিভিন্ন সংখ্যায় পরিভাষা সংক্রান্ত ভাবনা-চিন্তার নমুনা ছড়িয়ে আছে। উল্লেখযোগ্য কয়েকটি প্রবন্ধ হল, রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর বৈজ্ঞানিক পরিভাষা (১৮৯৪), রাসায়নিক পরিভাষা (১৮৯৫); যোগেশচন্দ্র রায়ের রাসায়নিক পরিভাষা (১৮৯৬); অপূর্বকৃষ্ণ দত্তের ভৌগোলিক পরিভাষা (১৮৯৬); হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের জ্যোতিষিক পরিভাষা (১৮৯৯); হেমচন্দ্র দাশগুপ্তের বৈজ্ঞানিক পরিভাষা (১৯০৬); সারদাচরণ মিত্রের বঙ্গভাষার বৈজ্ঞানিক পরিভাষা (১৯১৩); রাসবিহারী মণ্ডলের খনিজবিদ্যার পরিভাষা (১৯২১); একেন্দ্রনাথ দাসঘোষের প্রাণীবিজ্ঞান বিষয়ক পরিভাষা (১৯২৪) ইত্যাদি। এরও আগে, ১৮২০-তে পাওয়া যাচ্ছে ফেলিক্স কেরীর ব্যবচ্ছেদ বিদ্যা; ১৮৩৪-এ জন ম্যাকের কিমিয়াবিদ্যাসার; ১৮৫৬-তে অক্ষয়কুমার দত্তের পদার্থবিদ্যা; ১৮৬৯-এ গঙ্গাপ্রসাদ মুখোপাধ্যায়ের চিকিৎসা তত্ত্ব, চিকিৎসা প্রকরণ ইত্যাদি। বলা বাহুল্য, এইসব গ্রন্থপ্রণেতাদেরও পরিভাষা প্রসঙ্গের মুখোমুখি হতে হয়েছে। পরিভাষার ক্ষেত্রে রবীন্দ্রনাথ ঠাকুর, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ও রাজশেখর বসুর অবদানের কথা তো সুবিদিত।

ভাষাতত্ত্বের সীমানায় উৎস হিসেবে গণ্য পরিভাষা বিষয়ক কাজগুলি প্রকাশের কাল ১৯৭০, ১৯৯৯ ও ২০০৩। এর মধ্যে ২০০৩-এ প্রকাশিত অলিভা দাক্ষী প্রণীত *বাংলা ভাষাবিজ্ঞান অভিধান* বিশেষভাবে উল্লেখযোগ্য কারণ এটি শুধু তালিকা নয়, অভিধান বা শব্দপঞ্জি, যেখানে পরিভাষা নির্দেশিত প্রতিটি ধারণার সংক্ষিপ্ত পরিচয় ও উদাহরণও দেওয়া আছে। এই অভিধানটি আমাদের অনুপ্রেরণার উৎস। তবে পরিভাষা নির্মাণ যেহেতু একটি সচল প্রক্রিয়া তাই কোনো মুদ্রণেই দাবি করা যায় না যে এটিই পরিভাষার পূর্ণাঙ্গ রূপ। নতুন নির্মাণ অবিরাম চলছে। নতুনে পুরাতনে মিলিয়ে মিশিয়ে ২০১৩-তে ভাষাতত্ত্বের বাংলা পরিভাষার অবয়বটি কেমন দাঁড়িয়েছে তা দেখানো ও তার ভিত্তিতে প্রমিতায়নের দিকনির্দেশের উদ্দেশ্যেই আমাদের এই তালিকা প্রকাশের প্রয়াস।

Bangla to English list

অ

অখজু ধ্বনিতত্ত্ব	nonlinear phonology
অংশগ্রহণ	participation
অংশগ্রাহী	participants
অংশিত	shared
অকর্তৃক ক্রিয়া	impersonal verb
অকর্তৃক খণ্ডবাক্য	impersonal clause
অকর্মক	intransitive
অকুঞ্চিত	unrounded
অকুঞ্চিত স্বরধ্বনি	unrounded vowel
অকৃত্রিম ভাষার মর্মোদ্ধার	natural language processing/NLP
অক্ষ	axis
অক্ষ ক্রিয়া	pole verb
অখণ্ডগ্রাহ্য বিশেষ্য	mass noun
অখণ্ডপদবাদ	whole word morphology
অগণনীয়	uncountable
অগভীর গঠন	shallow structure
অগোচর	covert
অগোছালো	sporadic
অগ্রজিহ্বা	blade
অগ্রজিহ্বামূলীয়	pre-velar
অগ্রজিহ্ব্য	frontal
অগ্রজিহ্ব্য	laminal
অগ্রজিহ্ব্য তালুদন্তমূলীয়	laminal palato-alveolar
অগ্রদন্ত্য	lamino-dental
অগ্রতালব্য	pre-palatal
অগ্রদন্তমূলীয়	pre-alveolar
[±অগ্রবর্তী]	[± anterior]
অগ্রবর্তী মূর্ধন্য	pre-retroflex
অগ্রাধিকার	preference
অঘোষ	voiceless
অঘোষ অল্পপ্রাণ	voiceless unaspirated
অঘোষ মহাপ্রাণ	voiceless aspirated
অঘোষীভবন	devoicing
অঘোষীভূত	devoiced
অঙ্কবাচক সংখ্যা	cardinal number
অঙ্গপরিষদ	constituent assembly
অঙ্গভঙ্গি	gestures
অঙ্গভঙ্গিগত	gestural
অঙ্গুলিসংকেতমূলক সংজ্ঞা	ostensive definition
অজৈব	inorganic
অঞ্চলায়ন	localization
অটীক ভাষাংশ	unannotated corpus
অ-ণিজন্ত ধাতু	non-causative verb
অণুভাষাবিজ্ঞান	microlinguistics
অণুরণন	resonance
অণুরণন কক্ষ	resonance chamber
অণুরণন লক্ষণ	resonance feature
অণুরণিত	resonant
অণুশৈলী	micro style
অতিকুঞ্চিত	over-round
অতিক্রমণ	overlapping
অতিক্রমী প্যাটার্ন	cross-over pattern
অতিদীর্ঘ	orerlong
অতি-নিয়মন	extra-regularity
অতিনৈকট্য	close approximation
অতিপর্ব	anacruisis
অতি-পাঠক	super reader
অতিপৃথকীকরণ	over-differentiation
অতিপ্রবল	overloud
অতিব্যাপ্তি	overextension

অতিরিক্ত	redundant
অতিরিক্ত উচ্চ	extra high
অতিরিক্ত চিহ্ন	diacritic
অতিরিক্ত লক্ষণ	redundant feature
অতিরেক	redundancy
অতিরেক সূত্র	redundancy rule
অতিশয়োক্তি	hyperbole
অতিশুদ্ধি	hyper correction
অতিসম্মুখ	over-front
অতিসাধারণীকরণ	over generalization
অতীতকাল	past tense
অত্যর্থিত	over-semanticized
অত্যুচ্চ	over-high
অদলাত্মক	non-syllabic
অদ্বিতীয় রূপমূল	unique morpheme
অধঃস্তর	substratum
অধঃস্তরীয় ভাষা	basilect
অধরোষ্ঠ	lower lip
অধিকরণ	locative
অধিগঠন	surface structure
অধিজিহ্বা	epiglottis
অধিধ্বনিগত লক্ষণ	prosodic features
অধিধ্বনি-চিহ্ন	prosodic mark
অধিনাম	hyperonym
অধিবাক্য	surface sentence
অধিবাচন	discourse
অধিবাচন বিশ্লেষণ	discourse analysis
অধিবাচনরীতি	manner of discourse
অধিবাচনিক শৈলী	discourse style
অধিভাষ বৃত্তি	metalingual function
অধিভাষা	metalanguage
অধিভাষাতত্ত্ব	metalinguistics
অধিভাষিক	metalinguistic
অধিশব্দ	meta-word
অধিসূত্র	metarule
অধিস্বরযন্ত্রীয়	supraglottal
অধীক্ষা	control
অধীক্ষাতত্ত্ব	control theory
অধীনতা	dependency
অধীনতামূলক বিধেয়ন	subordinate predication
অধোগঠন	deep structure
অধোগঠন	underlying structure
অধোবাক্য	deep sentence
অধোমান্য	substandard
অধ্বনিমূলক	non-phonemic
অধ্যঙ্গনাম	holonym
অধ্যাদেশ	ordinance
অনবচ্ছেদ	continuum
[±অনবরত]	[±continuant]
অনবরত ধ্বনি	continuant
অনাচারিক	informal
অনাদ্য	non-initial
অনালোকিত	defocused
অনিবার্য পরিবর্তন	automatic alternation
অনিবার্য ভেদ	automatic variation
অনিয়মিত	sporadic
অনিয়মিত	irregular
অনিয়মিত ক্রিয়া	irregular verb
অনিয়মিত দ্বিস্বর	irregular diphthong
অনির্ণীত	unspecified
অনির্দিষ্ট	indefinite

অনির্দেশক প্রপদ	indefinite article
অনির্দেশক বিশেষণ	indefinite adjective
অনির্দেশক সংখ্যাশব্দ	indefinite numeral
অনির্দেশক সর্বনাম	indefinite pronoun
অনির্দেশ্যতা	indeterminacy
অনুকল্প	hypothesis
অনুকার শব্দ	echo-word
অনুকার শব্দ	imitative word
অনুকৃতি	mimesis
অনুক্ত	elliptical
অনুক্তি	ellipsis
অনুক্রম	sequence
অনুগামী পরিভাষা নির্মাণ	secondary term formation
অনুচ্চ	non-high
অনুচ্চারিত পাঠ	sub-vocal reading
অনুজ্ঞা	imperative
অনুজ্ঞা	imperatives
অনুজ্ঞাবাচক বিভক্তি	imperative ending
অনুজ্ঞাবাচক ভাব	imperative mood
অনুজ্ঞার্থ কর্মবাচ্য	passive imperative
অনুৎপাদক	unproductive
অনুদাত্ত	grave
অনুদিত ঋণ	loan translation
অনুনাসিক অনুরণন	nasal resonance
অনুনাসিকতা	nasality
অনুনাসিক স্বরধ্বনি	nasalized vowel
অনুপ্রাস	alliteration
অনুবাক্য	parenthesis
অনুবাক্যাংশ	parenthetic clause
অনুবাদ	translation
অনুবাদ ঋণ	translation loan
অনুবাদতত্ত্ব	translation theory
অনুবাদ ভাষাংশ	translation corpus
অনুভূতিক অর্থ	affective meaning
অনুভূমিক	horizontal
অনুমানযোগ্য	predictable
অনুমানসিদ্ধ	hypothetical
অনুমুদ্রণ	impression
অনুমোদন ক্রিয়া	permissive verb
অনুরোধবাচক অনুজ্ঞা	precative imperative
অনুলগ্ন	subjacent
অনুসৃতি	entailment
অনুষঙ্গ	setting
অনুষঙ্গী প্রকাশন	set expression
অনুসর্গ	postposition
অনুসর্গস্থানীয় অব্যয়	postpositional indeclinable
অনুসর্গীয় বিভক্তি	postpositional ending
অনূদিত ঋণ	loan translation
অনেকভাষী	plurilingual
অন্তঃকেন্দ্রিক	endocentric
অন্তর্দ্বিবাচন	in-diglossia
অন্তঃসর্গ-যৌগিক সমবায়ী	infix-agglutinating
অন্তঃস্ফোটন	implosion
অন্তঃস্বরাগম	catathesis
অন্তরঙ্গ	intrinsic
অন্তরঙ্গ-বহিরঙ্গ বর্গীকরণ	inner-outer classification
অন্তরঙ্গ ভাষা	inner language
অন্তরঙ্গ সমালোচনা	intrinsic criticism
অন্তর্গত অবস্থান	included position
অন্তর্গত সন্ধি	internal sandhi

অন্তর্গামী	ingressive
অন্তর্জাল	web
অন্তর্জালভিত্তিক	web-based
অন্তর্নিহিত	internal
অন্তর্বর্গীকরণ	inner classification
অন্তর্বর্তী বিরাম	internal juncture
অন্তর্বর্তী স্বরধ্বনি	intermediate vowel
অন্তর্বিবাহকেন্দ্রিক	endogamous
অন্তর্ভাষাবিজ্ঞান	internal linguistics
অন্তর্ভাষিক	intralingual
অন্তেবাসী	marginal
অন্ত্য	final
অন্ত্য অঘোষতা	final devoicing
অন্ত্য দল	final syllable
অন্ত্য ব্যঞ্জন	final consonant
অন্ত্যব্যঞ্জনাগম	consonant catathesis
অন্ত্যমিল	rhyme
অন্ত্য স্বর	final vowel
অন্ত্যস্বরলোপ	apocope
অন্ত্যস্বরলোপ	loss of final vowel
অন্ত্যস্বরাগম	apothesis
অন্ত্যস্বরাগম	vowel catathesis
অন্ধকার জগৎ	underworld
অন্বয়গত	syntactical
অন্বয়গত টীকাকরণ	syntactic annotation
অন্বয়তত্ত্ব	syntax
অন্বয় সম্পর্কিত	construal
অন্বয়সূচক চিহ্ন	syntactic marker
অন্বীক্ষণ	reasoning
অন্বীক্ষা	rationality
অন্বীক্ষা	reason

অন্যোন্য	reciprocal
অন্যোন্য অর্থ	correspondence meaning
অন্যোন্যতা	correspondence
অন্যোন্যতা	reciprocity
অন্যোন্য সমীভবন	mutual assimilation
অন্যোন্য সর্বনাম	reciprocal pronoun
অন্যোন্য স্বরসংগতি	mutual vowel harmony
অপঠিত	undeciphered
অপভাষা	argot
অপরিবর্তনীয়	invariant
অপর্যাপ্ত	inadequate
অপশ্রুতি	ablaut
অপসৃতি	divergence
অপাদান কারক	ablative case
অপার্থ ভাষা	cant
অপিনিহিত	epenthetic
অপিনিহিতি	epenthesis
অপূর্ণপর্ব	incomplete foot
অপূর্ণরূপ ক্রিয়া	defective verb
অপ্রচলিত	archaic
অপ্রচলিত শব্দ	obsolete word
অপ্রতিসম	asymmetry
অপ্রত্যংশমূলক	non-segmental
অপ্রধান	minor
অপ্রাণিবাচক	inanimate
অপ্রস্বরিত	unaccented
অবক্ষয়িত	degenerated
অবচেতন	subconscious
অবতল	concave
অবধারক	indicative
অবধারকভাব	indicative mood

অবধারণ	assertion
অবনতি	degeneration
অবয়বগত শ্রেণীবিভাগ	structural classification
অবয়বনির্ভর আখ্যানতত্ত্ব	structural narratology
অবয়ব পরিকল্পনা	corpus planning
অবয়ববাদ	structuralism
অবয়ববাদী	structuralist
অবয়ববাদী ভাষাবিজ্ঞান	structural linguistics
অবয়ববাদী সমালোচনা	structural criticism
অবরুদ্ধ ধ্বনি	implosive sound
অবরুদ্ধ ব্যঞ্জন	implosive consonant
অবরোধ	blocking
অবরোধ	closure
অবরোহমূলক	deductive
অবরোহী দ্বিস্বরধ্বনি	falling diphthong
অবরোহী সুর	falling tone
অবস্থা	state
অবস্থানগত	positional
অবস্থাবাচক ক্রিয়া	stative verb
অবস্থাবাচক ক্রিয়াবিশেষণ	manner adverb
অবাচিত	unmarked
অবিকল্পবোধক	exclusive
অবিভাজ্য	indivisible
অবিভাজ্য ধ্বনি	indivisible sound
অবিভাজ্য শব্দ	mass word
অবিমিশ্র	unmixed
অবিশ্লেষ্য	unanalyzable
অব্যক্ত জ্ঞান	tacit knowledge
অ-ব্যঞ্জন	non-consonantal
অব্যবহিত উপাদান	immediate constituents
অব্যবহিত উপাদান বিশ্লেষণ	immediate constituent analysis
অব্যয়	indeclinables
অব্যয়	particle
অব্যাকরণসম্মত	ungrammatical
অব্যাপ্তি	underextension
অভিকরণ	performance
অভিক্ষেপণ	projection
অভিগত জিহ্বামূল	advanced tongue root
[±অভিগত জিহ্বামূল]	[±ATR]
অভিগমন	advancement
অভিজ্ঞতাবাদ	empiricism
অভিধান	dictionary
অভিধানগত	lexicalized
অভিধানতত্ত্ব	lexicology
অভিধানবিদ্যা	lexicography
অভিধার্থ	denotative meaning
অভিধৃতি	intension
অভিন্ন	identical
অভিপ্রকাশ	manifestation
অভিপ্রায়ার্থক ভাব	subjunctive mood
অভিপ্রেত অর্থ	intended meaning
অভিবাচন	illocution
অভিবাচন-কৃতি	illocutionary act
অভিবাচনিক তেজ	illocutionary force
অভিবাসন	scrambling
অভিবাসী	immigrant
অভিমুখী কাঠামো	directional model
অভিশ্রুত	umlauted
অভিশ্রুতি	umlaut
অ-মান্য	non-standard

অমিত্রাক্ষর ছন্দ	blank verse
অযৌগিক	non-compound
অর্থ	meaning
অর্থ	sense
অর্থ-অতিক্রমণ	semantic overlapping
অর্থগত অসংগতি	semantic oddity
অর্থজালিকা	semantic network
অর্থ নিরূপক	semantic marker
অর্থপর্ব	sense group
অর্থমূল	sememe
অর্থমূলক শ্রেণিবিভাগ	semantic classification
অর্থযতি	sense pause
অর্থসংকোচন	contraction of meaning
অর্থ সংরক্ষণ	meaning preservation
অর্থসম্প্রসারণ	semantic extension
অর্থহীন	nonsensical
অর্থহীন ধ্বনি	nonsense sound
অর্থান্তর	semantic shift
অর্থান্তর	meaning change
অর্থান্তরন্যাস	corroboration
অর্থান্তরভুক্তি	hyponymy
অর্থাবনতি	degeneration of meaning
অর্থায়ন	meaning interpretation
অর্থিত শব্দ	semantic word
অর্থের জগৎ	universe of meaning
অর্থোন্নতি	elevation
অর্ধতৎসম	semi-tatsama
অর্ধবিবৃত	half-open
অর্ধ-ব্যঞ্জনধ্বনি	semi-consonant
অর্ধযতি	medial pause
অর্ধসংবৃত	half-close
অর্ধসহায়ক	semi-auxiliary
অর্ধস্বর	semivowel
অর্ধস্বরাগম	semivowel insertion
অলংকারশাস্ত্র	rhetoric
অ-লগ্ন বাক্য	unconnected sentence
অলিজিহ্বা	uvula
অলিজিহ্ব্য	uvular
অল্পপ্রাণ	unaspirated
অল্পপ্রাণ অঘোষ স্পৃষ্টধ্বনি	unaspirated voiceless stop
অল্পপ্রাণতা	deaspiration
অ-শব্দ ভুল	non-word error
অশিষ্ট বুলি	slang
অশুদ্ধতা	incorrectness
অশ্রেণিভুক্ত	unclassified
অষ্টক	octave
অসংবদ্ধ	lenis
অসংবদ্ধ ধ্বনি	lenis sound
অসংবদ্ধীভবন	lenition
অসংলগ্ন	discontinuous
অসংলগ্ন উপাদান	discontinuous constituent
অসংলগ্ন সমাস	loose compound
অসতর্ক বাগরীতি	casual speech style
অসন্নিহিত স্বরধ্বনি	vowels not in contact
অসমগোত্রজ	non-cognate
অসমঞ্জস	inconsistent
অসমাপিকা ক্রিয়া	infinite verb
অসম্পন্ন	imperfect
অসম্পন্ন কাল	imperfect tense
অসম্পূর্ণ উচ্চারণ	incomplete articulation

অসামঞ্জস্য	Inconsistency
অসূক্ষ্ম লিপ্যন্তর	broad transcription
অস্তিত্বদ্যোতক পরিগণক	existential quantifier
অস্তিত্ববাচক ক্রিয়া	existential verb
অস্ত্যর্থক	substantive
অস্ত্যর্থক ক্রিয়া	substantive verb
অস্থিতিশীল	unstable
অস্থিতিশীল দ্বিভাষিকতা	unstable bilingualism
অস্পষ্ট	blurred
অস্পষ্টতা	fuzziness
অস্বচ্ছ	opaque
অস্বরধর্মী	non-vocalic
অস্বরধর্মী অব্যঞ্জনধর্মী	non-vocalic non-consonantal
অস্বরিত	non-vocoid
অস্বাধীন ভেদরূপ	dependent variable

আ

আংশিক অঘোষতা	partial devoicing
আংশিক অঘোষীভূত	partially devoiced
আংশিক উৎপাদনশীল	semi-productive
আংশিক প্রতিবন্ধকতা	partial stricture
আকর কাহিনী	story
আকরণবাদ	formalism
আকরণবাদী তত্ত্ব	formalist theory
আকরবাক্য	kernel sentence
আকর্ষক	binder
আকর্ষণ	binding
আকর্ষণতত্ত্ব	binding theory
আকর্ষিত	bound
আকল্পন	stylization
আকল্প বর্জন বিধান	well-formedness condition
আকস্মিক মুক্তি	abrupt release
আকস্মিকতা	abruptness
আকৃতি	form
আক্ষরিক	literal
আক্ষরিক অনুবাদ	literal translation
আখ্যান	narration
আখ্যানকবিতা	ballad
আখ্যানতত্ত্ব	narratology
আখ্যানধর্মী অধিবাচন	narrative discourse
আখ্যান-নিহিত	intradiegetic
আখ্যান-বহির্ভূত	extradiegetic
আখ্যানমূলক	narrative
আখ্যানমূলক বাক্যতত্ত্ব	narrative syntax
আগত	migrant
আগম	augment
আগম	insertion
আগমহীন	augmentless
আচরণবাদ	behaviourism
আচারিক	formal
আঞ্চলিক উপভাষা	local dialect
আঞ্চলিক উপভাষারূপ	regional dialect form
আঞ্চলিক ভাষা	regional language
আঞ্চলিক ভাষাদর্শ	regional standard
আঞ্চলিক লক্ষণ	areal feature
আতত	tense
আততি	tension
আত্মনির্বাচিত	self-directed
আত্মবাচক ক্রিয়া	reflexive verb
আত্মবাচক সর্বনাম	reflexive pronoun
আত্মস্থকরণ	internalization
আত্মস্থ করা	internalize

আত্মীয়তাবাচক শব্দ	kinship term
আদর্শ	norm
আদর্শমূলক	normative
আদর্শমূলক ব্যাকরণ	normative grammar
আদর্শমূলক সমালোচনা	normative criticism
আদান	input
আদিপ্রস্বন	initial stress
আদিবাসী উপভাষা	tribal dialect
আদিবাসী ভাষা	tribal language
আদিব্যঞ্জনাগম	consonant prothesis
আদিভাষা	Ursprache
আদিম ভাষাংশ	primitive corpus
আদিস্বরলোপ	aphesis/aphaeresis
আদিস্বরাগম	prothesis
আদ্য	Intial
আদ্যধ্বনি	initial sound
আদ্যস্বর	initial vowel
আধিপত্য	dominance
আধুনিকীকরণ	modernization
আধেয়	content
আধেয়গত বৃত্তি	theta role
আনুপাতিক বিরোধ	proportional opposition
আনুমানিক	speculative
আনুমানিক ব্যাকরণ	speculative grammar
আন্তঃক্রিয়া	interaction
আন্তর্গোষ্ঠী	Intergroup
আন্তঃশাব্দিক	interword
আন্তর্জাতিক ধ্বনিলিপি	International Phonetic Alphabet/IPA
আন্তর্জাতিক ধ্বনিসংস্থা	International Phonetic Association/IPA
আন্তর্জাল	Internet
আন্তর্দন্ত্য	Inter-dental
আন্তর্দন্ত্য ধ্বনি	inter-dentals
আন্তর্বিদ্যা	Interdisciplinary
আন্তর্ব্যক্তিক	Interpersonal
আন্তর্ভাষিক	cross-linguistic
আন্তর্ভাষিক	interlingual
আন্তর্ভাষিক গবেষণা	cross-linguistic research
আন্বয়িক	syntactic
আন্বয়িক উপাদান	syntactic constituent
আন্বয়িক কলাকৌশল	syntactic device
আন্বয়িক বিশ্লেষণ	syntactic analysis
আন্বয়িক শ্রেণি	syntactic category
আন্বয়িক সূত্র	syntactic rule
আপতিক	arbitrary
আপতিকতা	arbitrariness
আপাতস্ববিরোধী	paradox
আপেক্ষিকতাবাদ	relativity
আপেক্ষিক বারংবারতা	relative frequency
আবরণবাক্য	matrix sentence
আবর্তন	cycle
আবর্তনশীল	cyclic sequence
আবর্তনশীলক্রম	cyclic order
আবশ্যিক	obligatory
আবশ্যিক সংবর্তন	obligatory transformation
আবিষ্কার পদ্ধতি	discovery procedure
আবৃত	embedded
আবৃতি	embedding
আবৃত্ত	recursive
আবৃত্ত সূত্র	recursive rule

আবৃত্তি	recursion
আবৃত্তি-গুণ	recursiveness
আবেগমূলক	emotive
আবেদনমূলক	conative
আভিধানিক রূপমূল	lexical morpheme
আভিধানিক শব্দ	dictionary word
আভ্যন্তরীণ পুনর্গঠন	internal reconstruction
আম্রেড়িত সমাস	iterative compound
আরম্ভিক গুচ্ছ	releasing cluster
আরোপিত ক্রম	extrinsic ordering
আরোহমূলক	inductive
আরোহী দ্বিস্বরধ্বনি	rising diphthong
আরোহী পদ্ধতি	inductive method
আরোহী সুর	rising tone
আর্থ আকৃতি	semantic form
আর্থ উপস্থাপন	semantic representation
আর্থ একক	semantic unit
আর্থ ক্ষেত্র	semantic field
আর্থ বিধেয়	semantic predicate
আর্থ বৈপরীত্য	semantic opposition
আর্থলিপি	semantic notation
আর্থসংগঠন	semantic structure
আর্থ-সামাজিক শ্রেণি	socio-economic class
আর্থস্তর	semantic level
আর্থস্তরক্রম	semantic hierarchy
আলংকারিক নির্বাচন	rhetorical choice
আলংকারিক প্রশ্ন	rhetorical question
আলাপ	conversation
আলাপগত	conversational
আলাপগত সংকেত বদল	conversational code-switching
আলাপচারিতা	chat programme
আলোচনাত্মক	discursive
আলোচনার ভঙ্গি	tenor
আশয়	theme
আশীর্বাদসূচক	benedictive
আশ্রয়ন	subordination
আশ্রিত	clitic
আশ্রিত	dependent
আশ্রিত	subordinate
আশ্রিত খণ্ডবাক্য	dependent clause
আশ্রিত খণ্ডবাক্য	subordinate clause
আশ্রিত খণ্ডবাক্যের অধীনতা	hypotaxis

ই

ইচ্ছাজ্ঞাপক	optative
ইচ্ছাজ্ঞাপক বাক্য	optative sentence
ইচ্ছাজ্ঞাপক ভাব	optative mood
ইচ্ছার্থক	desiderative
ইতরজনোচিত প্রয়োগ	vulgarism
ইতরভাষা	vulgar dialect
ইতিবাচক	affirmative
ইতিবাচক	positive
ইতিবাচক বাক্য	affirmative sentence
ইতিসঙ্গী উপাদান	positive polarity item
ইন্দ্রিয়পথ	sensory channel
ই-মেল ভাষাংশ	e-mail corpus

ঈ

ঈক্ষণ	cognition
ঈক্ষাগত	cognitive
ঈক্ষাগত ভাষাবিজ্ঞান	cognitive linguistics
ঈক্ষাগত মনোবিজ্ঞান	cognitive psychology
ঈক্ষাতত্ত্ব	cognitive science

উ

উক্তি	narration
উক্তি	utterance
উক্তিক্রম	sequence of utterance
উক্তি পরিবর্তন	narration change
উক্তি-শ্রুতি	aural-oral
উচ্চ	high
[±উচ্চ]	[±high]
উচ্চ-অবরোহী ধ্বনিরেখা	high-falling contour
উচ্চ-অবরোহী স্বর	high-falling vowel
উচ্চ কোড	high variety
উচ্চগৌরব	formal
উচ্চপশ্চাৎ স্বরধ্বনি	high back vowel
উচ্চ-মধ্য স্বরধ্বনি	high-mid vowel
উচ্চসম্মুখ স্বরধ্বনি	high front vowel
উচ্চ স্বরধ্বনি	high vowel
উচ্চারক	articulator
উচ্চারকের নৈকট্য	approximation
উচ্চারণ	articulation
উচ্চারণ-উৎসগত লক্ষণ	source features
উচ্চারণ ঋণ	pronunciation borrowing
উচ্চারণগত	articulatory
উচ্চারণগত টান	accent
উচ্চারণদ্রুতি	tempo
উচ্চারণ-প্রক্রিয়া	articulatory process
উচ্চারণবিজ্ঞান	articulatory phonetics
উচ্চারণরীতি	manner of articulation
উচ্চারণরীতিগত লক্ষণ	manner of articulation feature
উচ্চারণস্তর	level of articulation
উচ্চারণস্থান	place of articulation/ point ~~
উচ্চারণের অতিদ্রুত লয়	presto
উচ্চারণের ধীর-কৃত্রিম লয়	largo
উচ্ছ্বাসোক্তি	interjection
উৎকীরণ	graph
উৎকেন্দ্রিকতা	mannerism
উত্তমপুরুষ	first person
উত্তর-অবয়ববাদ	post-structuralism
উত্তর-আধুনিকতা	post-modernism
উত্তরাধিকার	inheritance
উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত	inherited
উত্তল	convex
উত্তেজিত	excitatory
উৎপাদনশীল	productive
উৎপাদনশীলতা	productivity
উৎস	origin
উৎস	source
উৎস ধারণা	generic concept
উৎসভাষা	source language
উদাত্ত	acute
